গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-৪

নং-ভিআইপি-১/২০০১(রাজ-৪)/১৪৬০

তারিখ : ২/১২/২০০১ খ্রিঃ

বিষয় : গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিবর্গকে বিশেষ নিরাপত্তা প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে নিম্নস্বাক্ষরকার জানাচ্ছে যে, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ যারা সুনির্দিষ্ট প্ররক্ষা বিধি অনুযায়ী পুলিশী নিরাপত্তা পাচ্ছেন তাদের ব্যতিরেকে অন্যান্য গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিবর্গের বিশেষ নিরাপত্তার বিষয়ে নিম্নোক্ত নীতিমালা প্রণীত হয়েছে।

নিম্নোক্ত ব্যক্তি/কর্মকর্তাবৃন্দ যারা সরকারী আদেশের ভিত্তিতে বাড়ীতে/গাড়ীতে পুলিশ প্রহরা পাচ্ছেন তাদের পুলিশ প্রহরা বহাল থাকবে :

ক. প্রধান বিচারপতি।

খ. মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, স্পীকার, পধান বিচারপতি এবং প্রধানবিচারপতির সন্তুষ্টি/চাহিদার ভিত্তিতে তাদের পুত্র/কন্যাগ।।

গ. মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব এবং সচিবগণ (শুধুমাত্র বাসায় প্রহরা)।

ঘ. এটর্নী জেনারেল/ বিচারপতি (বিশেষ চাহিদার ভিত্তিতে)।

ঙ. সংসদে প্রতিনিধিত্ব রয়েছে এমন দলের প্রধান (সভাপতি)।

চ. মাননীয় সংসদ সদস্য (যদি সুনির্দিষ্ট আবেদনের ভিত্তিতে আদেশ জারী করা হয়ে থাকে)।

ছ. বিদেশী রাষ্ট্রদূত (বিশেষ আদেশক্রমে)।

জ. বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ।

ঝ. পুলিশ সুপার ও তদুর্দ্ধ কর্মকর্তাগণ।

২। এ ছাড়া অন্যান্য গুরুত্বপূর্ণ / বিশিষ্ট ব্যক্তিবর্গের পুলিশী নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতি/পদ্ধতি অনুসরণ করা হবে :

ক) বিশিষ্ট বা গুরুত্বপূর্ণ কোন ব্যক্তি তাঁর জীবনের নিরাপত্তা বিপন্ন বলে মনে করলে তিনি সংশ্লিষ্ট পুলিশ সুপার/ পুলিশ কমিশনার-কে লিখিতভাবে অবহিত করবেন। পুলিশ সুপার / পুলিশ কমিশনার আইনানুগ ভাবে তাঁর জন্য প্রচলিত আইনানুগ পদ্ধতিতে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা করবেন। সংশ্লিষ্ট এস পি / পুলিশ কমিশনার যদি পর্যালোচনাপূর্বক বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা বিবেচনাযোগ্য মনে করেন তবে যুক্তিযুক্ত কারণ উল্লেখপূর্বক প্রস্তাব আই জি পি বরাবর প্রেরণ করবেন এবং আই জি পি তাঁর সুপারিশ সহ উহা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে আবেদনকারীর বিশেষ নিরাপত্তার জন্য আদেশ জারী করবেন।

খ) মাননীয় সংসদ সদস্য, বিচারপতিগণ, সাংবিধানিক পদে অধিষ্ঠিত ব্যক্তিবৃন্দ, বিদেশী রাষ্ট্রদূত এবং সংসদে প্রতিনিধিত্ব রয়েছে বা ছিল এমন রাজনেতিক দলের সভাপতি/ সাধারণ সম্পাদকগণ (মহাসচিবগণ) সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে দরখাস্ত করতে পারেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় আবেদন পর্যালোচনা পূর্বক সুপারিশসহ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করবে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় আবেদনকারীর বিশেষ নিরাপত্তার জন্যে আদেশ জারী করবে।

৩। সকল ক্ষেত্রেই শুধুমাত্র ব্যক্তিগত অনুরোধে ভিত্তিতে ক ও খ উপানুচ্ছেদে বর্ণিত সুবিধা দেয়ার বিষয়টি বিবেচনা করা হবে। বিশেষ নিরাপত্তার সাধারন অথবা ব্যক্তি-নির্দিষ্ট কাঠামো/রূপরেখা আই জি পি নির্ধারণ করবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
( ফখরুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬১৮৩২৯

মহাপুলিশ পরিদর্শক
পুলিশ সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব (সকল) ......................................................................
৩। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা।

গোপনীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-৪

নং-স্বঃমঃ ভিআইপি-৪(৩)/০৬(রাজ-৪)/১০৩৩ তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০০৬

বিষয়: গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিবর্গকে প্রযোজ্য নিরাপত্তা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২ ডিসেম্বর ২০০১ তারিখের ভিআইপি-১/২০০১(রাজ-৪)/১৪৬০ সংখ্যক পত্র।
খ) বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশের ২৭ জুলাই ২০০৬ তারিখের ১৮৩৪/১৪-নত/প্রটেকশন সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান পরিবর্তিত প্রেক্ষাপট বিবেচনাপূর্বক নিরাপত্তা হুমকি পর্যালোচনা (threat assessment) করা হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থায় পরিবর্তন আনা প্রয়োজনীয় মর্মে প্রতীয়মান হতে পারে। সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় তথ্য না থাকার কারণে অনেক ক্ষেত্রেই মন্ত্রণালয় হতে এ'সকল বিষয়ে তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত প্রদান সম্ভবপর হয় না।

২। বর্ণিত প্রেক্ষাপটে, সূত্র ক-এ উল্লিখিত স্মারক মারফত প্রদত্ত নির্দেশনা ব্যতীত এতদসংক্রান্ত বিষয়ে প্রদত্ত অন্যান্য সকল নির্দেশনা বাতিল করা হলো। এখন থেকে পুলিশ সদর দপ্তর, র‍্যাব এবং অন্যান্য গোয়েন্দা সংস্থা একক এবং যৌথভাবে বিরাজমান প্রেক্ষাপট বিবেচনাপূর্বক নিরাপত্তা হুমকি পর্যালোচনান্তে গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিদের জন্য প্রযোজ্য নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। গৃহীত ব্যবস্থা সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত রাখার জন্য অনুরোধ করা হলো।

(আখতার আহমেদ) ২০/৯/০৬
যুগ্মসচিব (রাজনৈতিক)
☎ ৭১৬৪৬১০

মহাপুলিশ পরিদর্শক
পুলিশ সদর দপ্তর
ঢাকা।

অনুলিপি:
১। মহাপরিচালক
র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, ঢাকা।
২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক
বিশেষ শাখা, ঢাকা।

O/C

D:\Arms-Rules.doc